

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬০২(আগরতলা ১৮। ১)
বিলোনীয়া, ১৮ জানুয়ারি, ২০২৪

সিস্টেমেটিক ভোটারস এডুকেশন
বিলোনীয়ায় সচেতনতামূলক অনুষ্ঠান

সিস্টেমেটিক ভোটারস এডুকেশন এন্ড ইলেকটোরেল পার্টিসিপেশন কর্মসূচিতে সম্প্রতি
বিলোনীয়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিলোনীয়া মহকুমার নোডাল অফিসার দীপায়ন রায়, বিদ্যালয়ের সহকারি
প্রধান শিক্ষক বিমল দাস, ইলেকটোরেল লিটারেসি ক্লাবের নোডাল অফিসার অঞ্জনা ভৌমিক প্রমুখ।
ভোটারদের ভোটদানে উদ্বৃদ্ধ করতে ও সচেতনতা বাড়াতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানে অতিথিগণ ভোটার তালিকায় নাম নথিভুক্ত করা, সংশোধন পদ্ধতি ও জাতীয় ভোটার
দিবসের গুরুত্ব নিয়ে আলোচনা করেন।
